

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬১২

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (کتاب النوافل)

পরিচ্ছেদঃ ১০) রাতে জাগ্রত হলে যে দু'আ পাঠ করতে হয় তার প্রতি উৎসাহ দান

الترغيب في كلمات يقولهن إذا استيقظ من الليل

আরবী

(صحيح) عن عُبَادَةَ بْنِ الصَّامِتِ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ تَعَارَّ مِنْ اللَّيْلِ فَقَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى مَنْ تَعَارَّ مِنْ اللَّيْلِ فَقَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا كُلِّ شَيْءٍ قَدِيرٌ الْحَمْدُ لِلَّهِ وَسُبْحَانَ اللَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا كُلِّ شَيْءٍ قَدِيرٌ الْحَمْدُ لِلَّهِ وَسُبْحَانَ اللَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ وَلَا حَوْلَ وَلَا قُوّةَ إِلَّا اللَّهُ أَكْبَرُ وَلَا حَوْلَ وَلَا قُوتَةً إِلَّا اللَّهُ أَعْذِرْ لِي أَوْ دَعَا اسْتُجِيبَ لَهُ فَإِنْ تَوَضَّأً وَصَلَّى قُبِلَتْ صَلَلَاهُ. رواه البخاري وأبو داود والترمذي والنسائي وابن ماجه

বাংলা

৬১২. (সহীহ্) উবাদা ইবনে সামেত (রাঃ) থেকে বর্ণিত। নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ
"যে ব্যক্তি রাতে ঘুম থেকে জেগে উঠে এই দু'আটি পাঠ করবে,

لا إِله إِلا الله وَحْدَهُ لاَ شَرِيْكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ، الْحَمْدُ لِلَّهِ وَ سُبْحَانَ اللَّهِ وَلا إِلَهَ إلا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ

লো-ইলা-হা ইল্লাল্লা-হু অহদাহু লা-শারীকা লাহ, লাহুল মুলকু অলাহুল হামদু অহুয়া 'আলা কুল্লি শাইয়িন কদীর। আল হামদুলিল্লা-হি অ সুবহানাল্লা-হি অলা- ইলা-হা ইল্লাল্লা-হু অল্লা-হু আকবার অ লা-হাউলা অলা-কুউঅতা ইল্লা বিল্লাহ)

''আল্লাহ ছাড়া কোন হক উপাস্য নেই। তিনি একক তাঁর কোন শরীক নেই। তাঁরই জন্য রাজত্ব, তাঁরই জন্য সমস্ত প্রশংসা। তিনি সকল বস্তুর উপর ক্ষমতাবান। সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, অতি পবিত্র আল্লাহ্ তা'আলা, আল্লাহ্ ছাড়া সত্য কোন উপাস্য নেই, আল্লাহ্ মহান। আল্লাহর শক্তি ও সামর্থ ছাড়া কোন উপায় নেই।''



তারপর সে বলবেঃ হে আল্লাহ্ আমাকে ক্ষমা কর। অথবা কোন দু'আ করবে, তবে তা কবূল করা হবে। যদি ওযু করে অতঃপর নামায আদায় করে, তবে তার নামায কবূল করা হবে।"

(হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ১১৫৪, আবু দাউদ ৫০৬০, তিরমিযী ৩৪১৪, নাসাঈ ও ইবনে মাজাহ্)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উবাদা ইব্নুস সামিত (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন